

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(আইন অধিশাখা)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
www.modmr.gov.bd

স্মারক নং: ৫১.০০.০০০.২৫০.২৫.০০৬.২২.২২

তারিখ: ৩০/০১/২০২৩


বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২.২.৪ অনুচ্ছেদ মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের
আওতাধীন দপ্তর/সংস্থার ১ম অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২.২.৪ অনুচ্ছেদ মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ
মন্ত্রণালয়ধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর ১ম অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন
যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রমাণকসমূহ প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে। প্রতিবেদনটি পর্যালোচনাপূর্বক
একটি ফিডব্যাক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

বর্ণিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত
ফিডব্যাক প্রতিবেদন-২ পাতা

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


মুনিরা সুলতানা
উপসচিব (আইন)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
ফোন: ০২-৫৫১০০৯৫০
ই-মেইল: munira.sultana@modmr.gov.bd

দৃষ্টি আকর্ষণ:
উপসচিব
ই-গভর্ন্যান্স-২ অধিশাখা
পরিবহন পুল ভবন, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (প্রতিবেদনটি ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (সিপিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(আইন অধিশাখা)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
www.modmr.gov.bd

স্মারক নং: ৫১.০০.০০০.২৫০.২৫.০০৬.২২.১৭

তারিখ: ৩০/০১/২০২৩


বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রমাণক সমূহ প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে। প্রতিবেদনটি প্রমাণকসহ পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নোক্ত বিষয়সমূহে অধিকতর যত্নশীল হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো:

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ/মন্তব্য
[১.২] ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা ও সেবাসমূহ চালু রাখা।	[১.২.১] ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত	প্রমাণক সংযুক্ত পাওয়া গিয়েছে। তবে তা ওয়েবসাইটে আপলোড করা হয়নি। উদ্ভাবন সেবাবক্সে আপলোড করার পরামর্শ প্রদান করা হলো।
[১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি	[১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	ই-নথির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় প্রায় ২০টি শাখায় (অনুবিভাগসহ) ই-ফাইলের ব্যবহার শূন্য। কয়েকটি অনুবিভাগ/শাখায় কোন নথি নেই মর্মে পরিলক্ষিত হয়। অর্ধবার্ষিক অর্জন ৪৪.২৯%। সকল শাখায় ই-নথির ব্যবহার নিশ্চিত করতে হবে।
সার্বিক পর্যবেক্ষণ	প্রমাণকসমূহ কার্যক্রম অনুযায়ী যথাযথভাবে সাজিয়ে সংযুক্ত করা হয়নি। ১ম অর্ধবার্ষিক মূল্যায়নের ক্ষেত্রে ২টি পৃথক ত্রৈমাসিক প্রতিবেদনের পরিবর্তে ১টি ষান্মাসিক প্রতিবেদন ও বিবেচ্য অর্ধবার্ষিক সময়ে সম্পাদিত কার্যক্রমের ধারাবাহিক প্রমাণকের একটি টপশিট প্রস্তুত করে ও প্রতিটি প্রমাণকের পূর্বে পৃথক সেপারেটর প্রস্তুত করে প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।	

বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
মহাখালী, ঢাকা।


(কে এম আবদুল ওয়াদুদ)
অতিরিক্ত সচিব (আইন, ত্রাণ প্রশাসন, সিপিপি)
ও
চিফ ইনোভেশন অফিসার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) ও ইনোভেশন অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ২। উপসচিব (আইন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। উপসচিব (ই-গভর্ন্যান্স শাখা-২), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (প্রতিবেদনটি ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(আইন অধিশাখা)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
www.modmr.gov.bd

স্মারক নং: ৫১.০০.০০০.২৫০.২৫.০০৬.২২.১৮

তারিখ: ৩০/০১/২০২৩

বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ধীন ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ও ২য় ত্রৈমাসিক এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রমাণক সমূহ প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে। প্রতিবেদন প্রমাণকসহ পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায় যে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) কর্তৃক বিগত ২০২১-২০২২ অর্থবছরের ছক ব্যবহার করে কর্মপরিকল্পনা প্রণয়ন ও সে মোতাবেক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে যা বর্তমান অর্থবছরে ব্যবহারের অনুপযোগী। এমতাবস্থায় নিম্নোক্ত বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উল্লেখ করা হলো:

- ১। অনতিবিলম্বে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের জন্য নির্ধারিত ছক ব্যবহারপূর্বক পুনরায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন, ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ও ১ম অর্ধবার্ষিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ও তা জরুরিভিত্তিতে ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- ২। উভয় প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট প্রমাণক যথাযথভাবে সংযুক্ত করতে হবে। প্রমাণকসমূহের একটি টপশিট সংযুক্ত করতে হবে। প্রতিটি প্রমাণকের পূর্বে একটি সেপারেটর সংযুক্ত করতে হবে।
- ৩। সিপিপির ওয়েবসাইটের বেশিরভাগ সেবাবক্স এর তথ্য হালনাগাদ করা হয়নি। এমনকি উদ্ভাবন সেবাবক্স এর ১ম লিংকটি বিগত ২০২১ সনের ২৫ অক্টোবর সর্বশেষ হালনাগাদ করা হয়েছে। ২০২২-২০২৩ এর কর্মপরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়নি। কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২.২.১ অনুচ্ছেদ মোতাবেক ওয়েবসাইট প্রতি কোয়ার্টারের শেষ কর্মদিবসে হালনাগাদ করার আবশ্যিকতা রয়েছে।
- ৪। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ও নির্ধারিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর হালনাগাদ ছক এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা
২০২২- ২০২৩ এর হালনাগাদ ছক

পরিচালক (প্রশাসন)
ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)
মগবাজার, ঢাকা।

(কে এম আবদুল ওয়াদুদ)
অতিরিক্ত সচিব (আইন, ত্রাণ প্রশাসন, সিপিপি)
ও
চিফ ইনোভেশন অফিসার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।
- ২। উপসচিব (আইন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। উপসচিব (ই-গভর্ন্যান্স শাখা-২), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (প্রতিবেদনটি ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।